



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

২৬ আশ্বিন ১৪২৮

নং-১০.০০.০০০০.১২৮.১৬.০০২.২০১৯-৪১৪


তারিখ : -----

১১ অক্টোবর ২০২১

বিষয় : আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৫-০৫-২০০৪ তারিখের মপবি/কঃবিঃশঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-১০৬ নম্বর স্মারকে সারাদেশে 'কাজ নাই মজুরি নাই' ভিত্তিতে জনবল নিয়োগের সুবিধা সংক্রান্ত অর্থ বিভাগের গত ১৪-০৬-২০০৩ তারিখের সার্কুলার স্থগিত করায় 'কাজ নাই মজুরি নাই' ভিত্তিতে জনবল নিয়োগের সুযোগ সীমিত হয়ে পড়েছে। ফলে বর্তমানে দেশের আদালত/ট্রাইব্যুনালসমূহে 'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুযায়ী প্রয়োজনীয় সেবার বিপরীতে জনবল নিয়োগ করা আবশ্যিক। এরূপ পরিস্থিতিতে দেশের আদালত/ট্রাইব্যুনালসমূহে পূর্বের 'আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮' অনুযায়ী কতজন আউটসোর্সিং জনবলের চুক্তি বলবৎ আছে এবং বর্তমানে কার্যকর 'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুযায়ী বর্তমানে কতজন চুক্তিভিত্তিতে সেবা প্রদান করছে ও ২০১৮ সালের নীতিমালার "পরিশিষ্ট ক"-এ বর্ণিত সেবাসমূহের তালিকা হতে কোন্ সেবার বিপরীতে কতজন আউটসোর্সিং জনবল আবশ্যিক তার সুনির্দিষ্ট তথ্য এ বিভাগে নেই।

০২। এমতাবস্থায়, উপরিলিখিত তথ্যসমূহ নির্ধারিত প্রস্তাব প্রেরণের ছক পূরণপূর্বক জরুরী ভিত্তিতে ডাক ও Email-section4@lawjusticediv.gov.bd যোগে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(শাহরিয়ার মাহমুদ আদনান) ১১/১০/২০২১

সিনিয়র সহকারী সচিব

ফোন-২২৩৩৫৭৪১৬


Email : section4@lawjusticediv.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। জেলা জজ,
- ০২। মহানগর দায়রা জজ,
- ০৩। বিভাগীয় বিশেষ জজ,
- ০৪। বিশেষ জজ,
- ০৫। বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ০৬। বিচারক, প্রশাসনিক ট্রাইব্যুনাল,
- ০৭। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,
- ০৮। বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল,
- ০৯। বিচারক, জননিরাপত্তা বিল্লকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,
- ১০। বিচারক, মানব পাচার ট্রাইব্যুনাল,
- ১১। বিচারক, সাইবার ট্রাইব্যুনাল,
- ১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
- ১৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
- ১৪। বিচারক, পরিবেশ আদালত,
- ১৫। বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল,
- ১৬। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।

ছক

ক্রমিক নং	'আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮' অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে বিদ্যমান পদের নাম	'আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮' অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে বিদ্যমান পদের সংখ্যা	'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে বিদ্যমান সেবার নাম	'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে বিদ্যমান সেবার সংখ্যা	'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' এর "পরিশিষ্ট ক"- এ নির্ধারিত সেবাসমূহের তালিকা অনুযায়ী প্রস্তাবিত সেবার নাম	'আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' এর "পরিশিষ্ট ক"- এ নির্ধারিত সেবাসমূহের তালিকা অনুযায়ী প্রস্তাবিত প্রয়োজনীয় সেবার সংখ্যা	প্রস্তাবিত সেবা ক্রয়ের অনুকূলে যৌক্তিকতা
১	২	৩	৪	৫	৬	৭	৮


২০/১০/২০২১

শাহরিয়ার মাহমুদ আদনান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।